যুগান্তর

তারিখ ...03 OCT 2015...
পৃষ্ঠা ...১৪... কলাম ...৪...

বেতন স্কেল বাস্তবায়ন

# সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতির আলটিমেটাম

যুগান্তর রিপোর্ট

ঘোষিত বেতন স্কেল বাস্তবায়নে সরকারকে ১০ দিনের আলটিমেটাম দিয়েছে বাংলাদেশ সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতি। শুক্রবার বিকালে জাতীয় প্রেস ক্লাবে এক ঈদপুনর্মিলনী অনুষ্ঠানে এ আলটিমেটাম দেয়া হয়। বলা হয়, ১২ অক্টোবরের মধ্যে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের জন্য সরকার ঘোষিত বেতন স্কেল বাস্তবায়ন না হলে ১৫ অক্টোবর থেকে দেশের সব জেলা সদরে শিক্ষক সমাবেশ শেষে জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি দেয়া হবে। তবে সমিতির মহাসচিব সালেহা আক্তার জানান, দাবি আদায়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছেও স্মারকলিপি দেয়া হবে। তিনি বলেন, প্রধানমন্ত্রী শিক্ষকদের দ্বিতীয় শ্রেণীর পদমর্যাদাসহ বেতন স্কেল দু'ধাপে উন্নীত করার ঘোষণা দিয়েছেন। কিন্তু এ ঘোষণা ম্লান করার জন্য বঙ্গবন্ধুর আদর্শবিরোধী ও প্যাড সর্বস্ব কয়েকটি বেআইনি সমিতি ষড়যন্ত্র চালিয়ে যাচ্ছে। সালেহা আক্তার অভিযোগ করেন, কতিপয় শিক্ষক প্রাথমিক শিক্ষা অধিদফতরে সমঝোতা সভার নামে সরকারবিরোধী কর্মকাণ্ডকে উৎসাহিত করছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন— শিক্ষকনেতা আমিনুল হক চৌধুরী, আবুল হোসেন, মঞ্জু লাল দে, ফেরদৌস আহমদ, কামরুল হাসান, দেলোয়ার হোসেন প্রমুখ।